

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মত্বার্থিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

---

সোমবার, সেপ্টেম্বর ১৪, ২০২০

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-২৫০-আইন/২০২০ —যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ২২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬১-আইন/২০২০ দ্বারা ময়মনসিংহ জেলার নান্দাইল পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নান্দাইল উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে, এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনুর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উত্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিবৃদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন কোনো আপত্তি উত্থাপিত না হওয়ায় সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

---

( ৮৭৯৩ )  
মূল্য : টাকা ৪.০০

সেহেতু, সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে  
বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

#### তফসিল

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নম্বর	দাগ নম্বর
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	চন্দীপাশা	চন্দীপাশা	১০৫	২৩৪, ৩০৮-৩১৪
২।	নান্দাইল	নান্দাইল	৫০	৩৯২৫-৩৯৮৩, ৮০৫২-৮৪২৫
৩।	আচারগাঁও	আমোদাবাদ	৮৫	৯৯২, ১০৭০-১০৮৩, ১০৮৬-১০৮৭, ১০৯২-১১৬৫, ১১৬৮-১২০০, ১২০৩-১২২১, ১২৩১, ১২৩৬-১২৩৮, ১২৪০-১২৪৮, ১২৫২-১২৬৫, ১২৭৯-১২৮৪, ১২৮৬-১৩০৭, ১৩০৯-১৭০৭, ১৭৪১, ১৭৪৪-১৭৫২, ১৭৬৮।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন  
উপসচিব।